

স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী ঃ

সভাপতিঃ জনাব মোছাঃ মোহিনী বেগম  
সভার স্থানঃ উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেট  
সভার তারিখঃ ২৮.০৪.২০২২ খ্রিঃ।  
সময়ঃ সকাল ১১.০০ ঘটিকা।  
সভার উপস্থিত সদস্যবৃন্দঃ পরিশিষ্ট 'ক'

আলোচ্য বিষয় ঃ

- ১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
- ২। নতুন ভবনে উপজেলা সমবায় দপ্তর, ফেঞ্চুগঞ্জ কে ০৩ টি অফিস রুম বরাদ্দ প্রসঙ্গে।
- ৩। বিবিধ।

অধ্যকার সভা উপজেলা স্থায়ী কমিটির সভাপতি ও মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেট এর সভাপতিত্বে সভার কাজ আরম্ভ করা হয়। সভার শুরুতেই সভাপতি মহোদয় নতুন ভবনে উপজেলা সমবায় দপ্তর, ফেঞ্চুগঞ্জ কে ০৩ টি অফিস রুম বরাদ্দের আলোচনা (আলোচ্য সূচি অনুযায়ী) সভায় উপস্থাপনের জন্য উপজেলা সমবায় অফিসার, ফেঞ্চুগঞ্জ, জনাব আব্দুল্লাহ মোঃ সাইদুর রহমান শামীম সাহেবকে অনুরোধ করা হয়।

০১ নং আলোচ্য সূচি (বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন) : সভায় সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে অত্র কমিটির সদস্য সচিব (উপজেলা সমবায় অফিসার) জনাব আব্দুল্লাহ মোঃ সাইদুর রহমান শামীম কর্তৃক বিগত তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে তা সর্বসম্মতিক্রমে গৃহিত ও অনুমোদিত হয়।

০২ নং আলোচ্য সূচি (নতুন ভবনে উপজেলা সমবায় দপ্তর, ফেঞ্চুগঞ্জ কে ০৩ টি অফিস রুম বরাদ্দ বিষয়ক আলোচনা) : সভায় সদস্য সচিব জনাব আব্দুল্লাহ মোঃ সাইদুর রহমান শামীম সভাকে অবহিত করেন যে, অত্র উপজেলাধীন সমবায় কার্যালয়ের বরাদ্দকৃত রুম ০১ টি হওয়ায় এবং জরাজীর্ণ হওয়ায় দাপ্তরিক কার্যক্রমে ব্যাঘাত সৃষ্টি হচ্ছে, এমতাবস্থায় যেহেতু অত্র উপজেলাধীন নতুন ভবনের নির্মাণ কাজ চলমান সেহেতু অত্র দপ্তরকে ০৩ টি রুম বরাদ্দ দিলে কার্যক্রমে গতিশীলতা আসবে। এ ব্যাপারে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনায় সভাপতি মহোদয় দাপ্তরিক কার্যক্রমের গতিশীলতা আনয়নে এ সমস্যা নিরসনে সাধুবাদ জানায় এবং এ কার্যালয়ের নতুন ভবনে ০৩টি রুম বরাদ্দের চাহিদা অনুভব পূর্বক উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার, ফেঞ্চুগঞ্জ, সিলেট কে সদয় দৃষ্টি ঞ্গপন করার আহবান জানান। যা সর্বসম্মতিক্রমে গৃহিত ও অনুমোদিত হয়।

০৩ নং আলোচ্য সূচি (বিবিধ) : পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্ত ঘোষণা করেন।

মোছাঃ মোহিনী বেগম

(মোছাঃ মোহিনী বেগম) ২৮/০৪/২২

ভাইস চেয়ারম্যান (মহিলা)

উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেট

ও

সভাপতি

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের স্থায়ী কমিটি


উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেট।

স্মারক নং-৪৭.৬১.৯১৩৫.০০০.২৫.০০২.২১- ১১৮/১(৭)

তারিখ- ২৮/০৪/২০২২ খ্রিঃ।

বিতরণ (জ্ঞাতার্থে ও কার্যার্থে) :

- ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেট।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, ফেঞ্চুগঞ্জ, সিলেট।
- ০৩। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেট।
- ০৪। চেয়ারম্যান ২নং মাইজগাঁও ইউপি, ফেঞ্চুগঞ্জ, সিলেট।
- ০৫। চেয়ারম্যান ৩নং ঘিলাছড়া ইউপি, ফেঞ্চুগঞ্জ, সিলেট।
- ০৬। চেয়ারম্যান ৫নং উত্তর ফেঞ্চুগঞ্জ ইউপি, ফেঞ্চুগঞ্জ, সিলেট।
- ০৭। সংশ্লিষ্ট নথি।



( আব্দুল্লাহ মোঃ সাইদুর রহমান শামীম)

উপজেলা সমবায় অফিসার

ও

সদস্য সচিব

ফেঞ্চুগঞ্জ, সিলেট।